



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/17/2023

গভর্নর ক্যাথি হোকল

নিউ ইয়র্ক স্টেটে জরুরি যোগাযোগ এবং আন্তঃপরিচালনাযোগ্যতার অবকাঠামো শক্তিশালী করার জন্য 62 মিলিয়ন ডলারেরও বেশি বরাদ্দ প্রদান সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

জরুরি যোগাযোগ ব্যবস্থার সহনশীলতা শক্তিশালী করার মাধ্যমে জন নিরাপত্তা বৃদ্ধি করার জন্য টার্গেটকৃত অনুদান প্রদান করা হচ্ছে

আপস্টেট অঞ্চলে 14টি কাউন্টিকে জন নিরাপত্তা তহবিল থেকে অনুদান প্রদান করা হয়েছে, যেখানে প্রতিটি কাউন্টিকে 6 মিলিয়ন ডলার পর্যন্ত প্রদান করা হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে স্থানীয় প্রথম সাড়াদানকারীদের ব্যবহার করা জরুরি যোগাযোগ ও আন্তঃপরিচালনাযোগ্যতা অবকাঠামো শক্তিশালী করার জন্য স্টেটব্যাপী আন্তঃপরিচালনাযোগ্য যোগাযোগের জন্য অনুদান (Statewide Interoperable Communications Grant) শীর্ষক টার্গেটকৃত কর্মসূচির মাধ্যমে 14টি কাউন্টিকে 62 মিলিয়ন ডলারেরও বেশি অনুদান প্রদান করা হয়েছে। নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services) দ্বারা পরিচালিত এই কর্মসূচি অবকাঠামোর উন্নয়ন ও আধুনিকায়ন করা, যোগাযোগের ঘাটতিসমূহ মোকাবেলা করা, জাতীয় আন্তঃপরিচালনাযোগ্যতার চ্যানেলগুলো বাস্তবায়ন করা, এবং কাউন্টি ও সিস্টেমগুলোর মধ্যে আঞ্চলিক সংযোগ বৃদ্ধি করার মাধ্যমে জন নিরাপত্তা বৃদ্ধি করার জন্য তহবিল প্রদান করছে।

"দুর্যোগ আঘাত হানার সময়ে নিউ ইয়র্ককে অবশ্যই তা মোকাবেলার জন্য প্রস্তুত থাকতে হবে। আমাদের সাহসী প্রথম সাড়াদানকারীরা যাতে কোনো জরুরি অবস্থার সময় কমিউনিটিকে এবং নিজেদেরকে নিরাপদ রাখার জন্য তাদের প্রয়োজনীয় সংস্থান ও ডাটা পেতে পারেন সে বিষয়টি নিশ্চিত করতে আমাদের জরুরি যোগাযোগ ব্যবস্থাগুলোর আধুনিকায়নের জন্য এই অনুদান তহবিল অত্যন্ত গুরুত্বপূর্ণ," বলেছেন গভর্নর হোকল। "নিউ ইয়র্কবাসীদেরকে নিরাপদ রাখা আমার শীর্ষ অগ্রাধিকার এবং এই কর্মসূচি আপস্টেট নিউ ইয়র্কজুড়ে জন নিরাপত্তা উন্নত করার চাবিকাঠি।"

আন্তঃপরিচালনাযোগ্যতা প্রথম সাড়াদানকারীদেরকে কোনো জরুরি অবস্থার সময় রিয়েল টাইমে তথ্য ও ডাটা শেয়ার করার সক্ষমতা দেয়। স্টেটব্যাপী আন্তঃপরিচালনাযোগ্য যোগাযোগের

জন্য অনুদান (SICG) টার্গেটকৃত কর্মসূচিটি নিউ ইয়র্কের জন নিরাপত্তা সংস্থাগুলোর ল্যান্ড মোবাইল রেডিওর আন্তঃপরিচালনাযোগ্যতার অবস্থা উন্নত করার জন্য তৈরি করা একটি অপ্রতিযোগিতামূলক অনুদান কর্মসূচি। জাতীয় আন্তঃপরিচালনাযোগ্যতা চ্যানেলগুলোতে পর্যাপ্ত কভারেজ বা অবকাঠামো নেই এমন উপযুক্ত আবেদনকারীদেরকে অথবা শেয়ারকৃত সিস্টেম উন্নত করার জন্য তহবিল বন্টন করা হবে। প্রত্যেক অনুদান গ্রহীতা সর্বোচ্চ 6 মিলিয়ন ডলার পাবে, যেখানে প্রতি কাউন্টি থেকে মাত্র একটি আবেদন গ্রহণ করা হবে। এসব অনুদান ইস্যু করার আগে, DHSES আবেদনগুলো পর্যালোচনা করেছে এবং অনুরোধ সাপেক্ষে আবেদনকারীদেরকে কারিগরি সহায়তা প্রদান করেছে।

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস-এর কমিশনার জ্যাকি ব্রে বলেন, "জন নিরাপত্তার জন্য তহবিল প্রদান করা আমাদের সংস্থার মিশনের কেন্দ্রীয় অংশ। এসব অনুদান আপস্টেট অঞ্চলের কাউন্টিগুলোকে তাদের জরুরি যোগাযোগ ব্যবস্থা উন্নত করতে সাহায্য করবে। কোনো জরুরি পরিস্থিতিতে সাড়াদানের সময়জুড়ে ফলপ্রসূ যোগাযোগ নিশ্চিত করতে নিউ ইয়র্কের প্রথম সাড়াদানকারীদের সর্বোচ্চ মানের টুলস ও সংস্থানসমূহ পাওয়া প্রয়োজন।"

2022 সালের SICG টার্গেটকৃত অনুদান রাজধানী অঞ্চল, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং সাদার্ন টিয়ারে শেয়ারকৃত সিস্টেমের সম্প্রসারণ, এবং হাডসন ভ্যালি ও ফিঙ্গার লেকসে কমন রেডিও চ্যানেলগুলোর সম্প্রসারণের মাধ্যমে আন্তঃপরিচালনাযোগ্যতা বৃদ্ধি করে এমন স্থানীয় প্রকল্পগুলোকে তহবিল প্রদান করবে। বাড়তি প্রকল্পগুলো গুরুত্বপূর্ণ জন নিরাপত্তা সংক্রান্ত যোগাযোগ ব্যবস্থাগুলোর সহনশীলতা শক্তিশালী করবে।

অনুদানগুলো নিম্নোক্ত উপায়ে বন্টন করা হয়েছে:

1. কাউন্টি	2. পরিমাণ
3. Albany	4. \$6,000,000
5. Allegany	6. \$6,000,000
7. Chemung	8. \$3,584,452
9. Columbia	10. \$4,558,183
11. Cortland	12. \$5,000,000
13. Jefferson	14. \$2,000,000
15. Montgomery	16. \$810,000
17. Onondaga	18. \$2,750,000
19. Orleans	20. \$2,990,000
21. Putnam	22. \$6,000,000
23. Schenectady	24. \$6,000,000
25. Schuyler	26. \$4,888,663
27. Steuben	28. \$5,846,500
29. Tioga	30. \$6,000,000

মোট

\$62,427,798

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস দুর্ঘটনা এবং অন্যান্য জরুরি
পরিস্থিতি প্রতিরোধ, সুরক্ষা, প্রস্তুতি, প্রতিক্রিয়া, পুনরুদ্ধার এবং প্রশমিত করার জন্য নেতৃত্ব,
সমন্বয় এবং সহায়তা প্রদান করে। আরো তথ্যের জন্য DHSES-কে খুঁজে নিন [ফেসবুকে](#)
(Facebook), [টুইটারে](#) (Twitter) অথবা ভিজিট করুন dhses.ny.gov ঠিকানায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418